

সামাজিক সুরক্ষা যোজনায় প্রাপ্য সুযোগ-সুবিধা

ভবিষ্যনিধি	<p>ক) উপভোক্তা — মাসিক ২৫ টাকা</p> <p>খ) রাজ্য সরকার অনুদান—মাসিক ৩০ টাকা</p> <p>গ) কেন্দ্রীয় সরকার সময়ে সময়ে যে হারে সাধারণ ভবিষ্যনিধি প্রকল্পে সুদ প্রদান করে রাজ্য সরকারও সেই হারে ঐ কর্মচারীর তহবিলে সুদ প্রদান করবে</p>
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ	<p>ক) কোন অসুস্থতার-কারণে (ওয়েস্ট বেঙ্গল হেলথ স্কীম-২০০৮) হাসপাতালের অন্তর্বিভাগ ও বহির্বিভাগে চিকিৎসা হলে, উপভোক্তা বা তার পরিবারের সদস্যরা বার্ষিক ২০ হাজার টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পেতে পারেন।</p> <p>খ) শল্য চিকিৎসার ক্ষেত্রে একজন উপভোক্তা এবং / অথবা তার পরিবার এর সদস্যরা সর্বোচ্চ ৬০ হাজার টাকা বাৎসরিক আর্থিক সাহায্য পাওয়ার অধিকারী হবেন। এই সুবিধা নিম্নলিখিত কারণের জন্য প্রদান করা হবে</p> <p>অ) রোগ পরীক্ষার জন্য — সম্পূর্ণ।</p> <p>আ) ঔষধের মূল্য — সম্পূর্ণ।</p> <p>ই) হাসপাতালে ভর্তির খরচ — সম্পূর্ণ।</p> <p>ঈ) কর্মদিবস নষ্ট হওয়ার কারণে কেবলমাত্র উপভোক্তাকে প্রথম ৫ দিনের জন্য ১০০০ টাকা এবং বাকী দিনগুলি প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০০ টাকা করে প্রদান করা হবে। কিন্তু, কখনোই সর্বোচ্চ ১০ হাজার টাকা প্রদানের সীমা অতিক্রম করবে না।</p> <p>গ) দুর্ঘটনাজনিত কারণে একজন উপভোক্তার কর্মদিবস নষ্ট হলে, ঐ উপভোক্তাকে প্রথম ৫ দিনের জন্য ১০০০ টাকা এবং বাকী দিনগুলি প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০০ টাকা করে সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত দেওয়া যাবে। এই সুবিধা কেবলমাত্র উপভোক্তাকেই দেওয়া যাবে।</p>
মৃত্যু ও শারীরিক অসামর্থতা	<p>দুর্ঘটনার কারণে মৃত্যু হলে, ২ লক্ষ টাকা প্রদান, স্বাভাবিক মৃত্যুতে ৫০ হাজার টাকা প্রদান, দুর্ঘটনাজনিত কারণে উপভোক্তার ন্যূনতম ৪০% শারীরিক অসামর্থতা হয়ে থাকলে ৫০ হাজার টাকা প্রদান। উপভোক্তার দু'টি চোখেরই দৃষ্টিশক্তি হারালে, দু'টি হাতের কর্মক্ষমতা অথবা দু'টি পায়ের চলচ্ছক্তি হারালে ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে। একটি চোখের দৃষ্টিশক্তি হারালে, একটি হাতের কর্মক্ষমতা অথবা একটি পায়ের চলচ্ছক্তি হারালে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে।</p>
শিক্ষা	<p>একাদশ শ্রেণীতে পাঠরত বাৎসরিক ৪ হাজার টাকা</p> <p>দ্বাদশ শ্রেণীতে পাঠরত বাৎসরিক ৫ হাজার টাকা</p> <p>আই.টি.আই.-তে প্রশিক্ষণরত বাৎসরিক ৬ হাজার টাকা</p> <p>স্নাতক স্তরে পাঠরত বাৎসরিক ৬ হাজার টাকা</p> <p>স্নাতকোত্তর স্তরে পাঠরত বাৎসরিক ১০ হাজার টাকা</p> <p>পলিটেকনিকে পাঠরত বাৎসরিক ১০ হাজার টাকা</p> <p>ডাক্তারি / ইঞ্জিনিয়ারিং পাঠরত বাৎসরিক ৩০ হাজার টাকা</p> <p>উপভোক্তাদের দু'টি কন্যাসন্তান অবিবাহিত অবস্থায় স্নাতক স্তর পর্যন্ত পড়াশুনা শেষ করার জন্য প্রত্যেককে ২৫ হাজার টাকা আর্থিক সহযোগিতা প্রদান করা হবে।</p>
নিরাপত্তায় প্রশিক্ষণ এবং দক্ষতা বিকাশ	<p>উপভোক্তা এবং / অথবা তার পরিবারে সদস্যদের বিভিন্ন ব্যবসা-বাণিজ্য এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে তারা বিকল্প অর্থনৈতিক কাজ-কারবার, মূলত স্বনিযুক্তিতে সমর্থ হয়। এই প্রশিক্ষণ পশ্চিমবঙ্গ দক্ষতা বিকাশ সমাজ (পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট) থেকে তারা নিখরচায় পাবেন।</p>